দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির শপথ ও অভিষেক অনুষ্ঠান

“সত্যের ফুল ফুটুক কলমে” এই স্লোগানকে সামনে রেখে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির শপথ ও অভিষেক ২০২২ অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন এর সভাপতিত্বে বুধবার বেলা ১২ টার দিকে দর্শনা কেরু এন্ড কোম্পানির অফিসার্স ক্লাবে শপথ ও অভিষেক অভিষেক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। এসময় তিনি বলেন দেশ ও জাতি গঠনে সাংবাদিকদের ভৃমিকা অপরীসীম। একে পুজি করে এই মহান পেশাকে কুলষিত করবেন না।

সাংবাদিরা জাতির বিবেক। আমাদের দেশনেত্রী শেখ হাসিনা দেশকে যেভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে তার হাতকে শক্তিশালী করতে আপনারা সার্বিক সহযোগিতা করবেন। আমরা সব সময় আপনাদের পাশে আছি এবং থাকব।

তিনি আরও বলেন, সাংবাদিক হল জাতির বিবেক এবং রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। একজন সাংবাদিক তার লেখার মাধ্যমে দূর্নীতি তুলে ধরে দেশকে একটি সুন্দর এবং দূর্নীতি মুক্ত দেশ গড়ে তুলতে সহযোগিতা করে। সুতরাং আপনারা সবসময়ই সৎ ও নিষ্ঠার সাথে কাজ করবেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান মোঃ আলী মুনসুর বাবু, দর্শনা পৌর মেয়র মোঃ মতিয়ার রহমান, কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ মোশারফ হোসেন, কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাবউদ্দিন, দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীর।

কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নব গঠিত কমিটির সকলকে ফুলের শুভেচ্ছা জানান এমপি আলী আজগার টগর এবং দর্শনা প্রেসক্লাবে নতুন ৯ জন সদস্য ইমতিয়াজ আহমেদ রয়েল, ফরহাদ হোসেন, ওয়াসিম রয়েল, আব্দুর রহমান, মাসুম বিল্লাহ, আব্দুল হান্নান, রিফাত, বাঁধন এবং সহযোগী সদস্য ইয়াসিন কে ফুলের শুভেচ্ছা জানানো হয়। আলোচনা

শেষে সম্মাননা স্বারক প্রদান করা হয়।

উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারণ সম্পাদক এসএম ওসমান, সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক তারিক জামান, দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য এফএ আলমগীর, চঞ্চল মেহমুদ ও হানিফ মন্ডল এবং সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাংগনিক ও অর্থ সম্পাদক মাহমুদ হাসান রনি, তথ্য প্রযুক্তি সম্পাদক মেহেদী হাসান তুহিন, সাহিত্য, সাংষ্কৃতি ও ক্রিড়া বিষয়ক সম্পাদক রাজিব মল্লিক, দপ্তর সম্পাদক সাব্বির আলীম, কার্যনির্বাহী সম্পাদক ইয়াছির আরাফাত মিলন, আহসান হাবীব মামুন ও ইকরামুল হক পিপুল। এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, দর্শনা পৌর বিএনপির সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি সবুজ আহমেদ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান ডিস্টিলারির শ্রমিক কর্মকর্তা আঃ রশিদ প্রমুখ।

জীবননগরে ৫টি বজ্র শেল্টার নির্মান কাজের উদ্বোধন করলেন এমপি টগর

জীবননগর উপজেলায় ২০১৯-২০২০ বাস্তবায়ন সময়ের ৫টি বজ্র শেল্টার নির্মান কাজের উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১টার সময় জাইকার অর্থায়নে এবং জীবননগর উপজেলা পরিষদের বাস্তবায়নে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে জীবননগর উপজেলার বাকা ইউনিয়নের মিনাজপুর গ্রামের বাজপাড়াসহ উপজেলার ৫টি স্থানে ১১ লক্ষ ৩৭ হাজার ৫৬৯ টাকা ব্যয়ে কৃষকদের জীবনের নিরাপত্তার সার্থে বজ্র শেল্টার নির্মান কাজের উদ্বোধন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম, উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ হুমায়ন কবির, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, জীবননগর পৌর আওয়ামী লীগের সভাপতি নাসির উদ্দিন, সাধারন সম্পাদক ও সাবেক পৌর মেয়র জাহাঙ্গীর আলম প্রমুখ।

আলমডাঙ্গায় চুরির অপরাধে যুবককে মধ্যযুগীয় কায়দায় নির্যাতন- অভিযুক্ত আটক

আলমডাঙ্গা পৌর শহরে নুডুলস ও নারিকেল তেল চুরির অপরাধে দোকানের খুঁটিতে বেধে প্রকাশ্যে মধ্যযুগীয় কায়দায় সাদ্দাম হোসেন (২২) নামে এক যুবককে নির্যাতনের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার দুপুরে আলমডাঙ্গা পৌর এলাকার হাফিজ মোড়ে এঘটনা ঘটে। স্থানীয়রা পুলিশকে জানালে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে সাদ্দামকে উদ্ধার করে থানা হেফাজতে নেয়। সাদ্দাম হোসেন আলমডাঙ্গা পৌর এলাকার থানাপাড়ার আকমল হোসেনের ছেলে।

এ ঘটনায় রাতেই অভিযুক্ত ডিলার ব্যবসায়ী আমানুল্লাহকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ ।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার হাফিজ মোড়ে শেখ ট্রেডার্সের মালিক ব্যাবসায়ী শেখ আমানুল্লাহ বিভিন্ন পন্যের ডিলার শিফ নিয়ে ব্যবসা পরিচালনা করছে। মঙ্গলবার দুপুরে একটি গাড়িতে অর্ডারের পন্য আনলোড করছিল। এসময় সাদ্দাম হোসেন ওই গাড়ি থেকে নুডুলস ও কিছু মালামাল নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে । পরে স্থানীয়রা তাকে ধাওয়া করে ধরে আমানুল্লাহ’ন নিকট হস্থান্তর করে।

পরে আমানুল্লাহ প্রকাশ্যে তার নিজ দোকানের খুটিতে সাদ্দামের দুই হাত বেধে একটি পাইপ দিয়ে মধ্যযুগীয় নির্যাতন করে। তার সামনে ২০ থেকে ৩০ জন লোক দাড়িয়ে তা দেখতে থাকে। তবে কেউ তাকে সাহায্য করতে এগিয়ে আসেনি। এ নির্যাতনের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে ক্ষোভ প্রকাশ করেন অনেকে। মধ্যযুগীয় এই বর্বরোচিত ঘটনায় এলাকাবাসী হতবাক।

ব্যবসায়ী শেখ আমানুল্লাহ বলেন, বিভিন্ন সময়ে আমার প্রতিষ্ঠানের চুরির ঘটনা ঘটতো। এতে আমি অতিষ্ট ছিলাম। কিছুতেই চোর ধরতে পারতাম না। আজ কিছু নারিকেল তেল ও নুডুসল এর প্যাকেট চুরির সময় হাতেহাতে ধরে স্থানীয়রা আমার নিকট নিয়ে আসে। তবে তাকে দোকানের খুটিতে বেধে মারধর করা আমার অন্যায় হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পুলিশ খবর পেয়ে সাদ্দামকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। নির্যানতের বিষয়টি পুলিশের জানা ছিলনা। পরে সংবাদকর্মীদের মাধ্যমে নির্যাতনের ভিডিও দেখেছি। এভাবে আইন হাতে কেউ তুলে নিতে পারেন না। চুরির ঘটনায় এখনো কেউ অভিযোগ দেয়নি থানায়। নির্যাতনের ঘটনায় সাদ্দাম বা তার পরিবার অভিযোগ করলে আমরা আইনগত ব্যবস্থা গ্রহন করবো।

তিনি আরও বলেন, তার বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় একটি চুরি ও একটি ছিনতাই মামলা চলমান। এছাড়াও একবার পুলিশের হাতে আটক হয়েছিল।

দর্শনায় সংবাদ প্রকাশের জেরে সাংবাদিককে প্রাণনাশের হুমকি

পত্রিকায় সংবাদ প্রকাশ হওয়ায় তেলে বেগুনে জ্বলে উঠেছে অভিযুক্ত বালু ও মাটি খেকো ছামাদুল।

প্রতিবেদককে মোবাইল ফোনে দিয়েছে হুমকি। সাংবাদিক হাসমতকে হুমকির প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবে জরুরীসভা অনুষ্ঠিত হয়েছে । হুমকিদাতা ছামাদুলের নামে থানায় করা হয়েছে জিডি। হুমকিদাতা

ছামাদুল কার্পাসডাঙ্গা বাজার পাড়ার বাসিন্দা ও মহিউদ্দিনের ছেলে।

সোমবার (৩১ জানুয়রী) সন্ধায় দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরী বৈঠকে হুমকির তীব্র নিন্দা ও প্রতিবাদ সহ ছামাদুলকে গ্রেফতারের দাবী তুলে আলোচনা করেন দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির বর্তমান সভাপতি মনিরুজ্জামান ধীরু, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, সাংবাদিক ইকরামুল হক পিপুল, নজরুল ইসলাম, মোস্তাফিজুর রহমান কচি, কামরুজ্জামান যুদ্ধ, হাসমত আলী।

দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক এস,এম ওসমানের উপস্থাপনায় উপস্থিত থেকে আরো আলোচনা করেন, আব্দুর রহমান, আব্দুল হান্নান, রিফাত রহমান, শ্রী সুকমল চন্দ্র বাঁধন, ইমতিয়াজ আহম্মেদ রয়েল, ওয়াসিম রয়েল, প্রমুখ।

উল্লেখ্য, গত রোববার স্থানীয় একটি দৈনিক পত্রিকায় প্রথম পৃষ্টায় দামুড়হুদার ধান্যঘরায় আবাদি জমিতে এস্কভেটর মেশিন দিয়ে পুকুর খনন প্রধান সড়ক হুমকির মুখে, খবর প্রকাশ হলে গত রোববার দুপুর ১ ট ২১ মিনিটে ফোনে ছামাদুল ও তার গাং সাংবাদিক হাসমতকে ০১৯১৭০৩০৯০৫ মোবাইল নং থেকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়।

আলমডাঙ্গায় আশকারা ফাউন্ডেশন নামে ভুয়া এনজিও: হাতিয়ে নিয়েছে গ্রাহকের অর্ধকোটি টাকা

আলমডাঙ্গায় আশকারা ফাউন্ডেশন নামের এক ভুয়া এনজিও গ্রাহকের অর্ধকোটি টাকা হাতিয়ে নিয়ে চম্পট দিয়েছে।

বড় ধরনের ঋণ দেবার প্রলোভন দেখিয়ে উপজেলার গ্রামে গ্রামে সমিতি

গঠন করে একেক সমিতির সদস্যদের কাছ থেকে লাখ লাখ টাকা নিয় অফিসে তালা লাগিয়ে রাতের আ পালিয়ে গেছে।

গত দুদিন ধরে প্রতারণার শিকার বিভিন্ন গ্রামের কয়েশ’ গ্রাহক অফিস ও তাদের মোবাইল ফোন বন্ধ দেখে দিশেহারা হয়ে পড়েছেন। এ ঘটনায় ওইসব গ্রাহক থানায় অভিযোগ দায়ের করেছেন।

জানা গেছে,আলমডাঙ্গার রেলস্টেশন রোড (দক্ষিণ) এলাকায় ফুড গোডাউনের সামনে সড়কে আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের কেরানি সিরাজুল ইসলামের বাড়িতে কিছুদিন আগে এক ব্যক্তি এনজিওর অফিস করার কথা বলে ৪টি রুম ভাড়া নেয়।

ওই ঘরের সামনে আশকারা ফাউন্ডেশন নামের একটি ছোট সাইন বোর্ড ঝুলিয়ে সেখানে এনজিওর কার্যক্রম শুরু করে। মিরাজুল ইসলাম নামের এক ব্যক্তি আশকারা ফাউন্ডেশনের ব্রাঞ্চ ম্যানেজার পরিচয় দিয়ে কয়েক সদস্যের মাধ্যমে উপজেলার গ্রামে গ্রামে সমিতি গঠন করে।

তারা ওই প্রতিষ্ঠানে বিভিন্ন পদে চাকরীর বিজ্ঞাপন সম্বলিত হ্যান্ডবিল দেওয়ালে লাগাই। চাকরি পাওয়ার প্রলোভনে পড়ে বেকার যুবকরা তাদের টাকা প্রদান করে। এদিকে সমিতির সদস্যদের ৫০ হাজার জমা করলে ৫ লাখ টাকা,১লাখ টাকা জমা করলে ১০ লাখ টাকা লোন দেবার প্রলোভন দেখিয়ে অনেকের কাছ থেকে টাকা সংগ্রহ শুরু করে। ভুয়া ওই এনজিওর কর্মকর্তাদের প্রলোভনে পড়ে উপজেলার বিভিন্ন গ্রামের মহিলা পুরুষ লাখ লাখ টাকা তাদের কাছে জমা দেয়।

টাকা প্রদান করাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন কালিদাসপুর ইউনিয়নের পারকুলা গ্রামের লাল মোহাম্মদের ছেলে আসিফ ইকবাল ৩০ হাজার,পাঁচলিয়া গ্রামের শফি উদ্দিনের ছেলে স্বপন আলী ৫২ হাজার,একই গ্রামের মৃত আজব আলীর ছেলে উজ্জল ১০ হাজার,কালিদাসপুর ইউনিয়ন পাইকপাড়া গ্রামের মৃত মফিজ উদ্দিনের ছেলে হারুন ১৫ হাজার,জামজামি ইউনিয়নের ভোদুয়া গ্রামের আব্দুল মান্নানের স্ত্রী ফজিলা খাতুন ১০ হাজার,একই গ্রামের ওহিদ আলীর স্ত্রী শরিফা খাতুন ১০ হাজার,কুমারী ইউনিয়নের কামালপুর গ্রামের ইদবার আলীর ছেলে মোহাম্সদ আলী লোনের ২০ হাজার ও চাকরীর জন্য ২০ হাজার টাকা,কামালপুর গ্রামের মোশারেফ হোসেনের ছেলে আব্দুস সামাদের কাছ থেকে ২০ হাজার,একই গ্রামের মৃত নবীছদ্দিনের ছেলে আজগর আলীর কাছ থেকে ২০ হাজার টাকা,পাঁচলিয়া গ্রামের নওয়াজ আলীর ছেলে সোহেলের কাছ থেকে ১০ হাজার টাকা,হারদী গ্রামের মীর ইসমাইলের

ছেলে মীর ইয়াসিন আলীর কাছ থেকে ২৫ হাজার টাকাসহ বিভিন্ন গ্রামের কয়েকশ গ্রাহকের কাছ থেকে টাকা হাতিয়ে নেয়।

গ্রাহক পাঁচলিয়া গ্রামের শফিউদ্দিনের ছেলে স্বপন জানান,আমাদের ১০/১২ জন মিলে দেড় লাখ টাকা নিয়ে সোমবার লোন দেবে বলে জানায় । কদিন তারা ঘন ঘন মোবাইল করলেও আজ দুই দিন বন্ধ। অফিসে এসে দেখি অফিস তালা লাগিয়ে তারা পালিয়েছে। তাদের মোবাইলও বন্ধ। তারা বিভিন্ন গ্রাম থেকে প্রায় কোটি টাকা হাতিয়ে নিয়ে চম্পট দিয়েছে।

একই কথা জানিয়েছেন,ভোদুয়া গ্রামের ফজিলা খাতুন। তিনি জানান, ৬ টাকা হারে সুদে লোন দেবে বলেই তারা বেশ কয়েকজন মিলে সমিতি খুলে লোনের আশায় টাকা দিয়ে এখন বিপদে পড়েছে। এমন প্রতারণার শিকার বেশ কয়েকজন গ্রাহক সোমবার আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

ভালোবাসার বন্ধনের সাধারণ সম্পাদক সুমনের জন্মদিন পালন

“ভালোবাসার বন্ধন দর্শনা” সংগঠনের সাধারণ সম্পাদক মিয়া মোঃ নুরনবী সুমনের জন্মবার্ষিকী পালিত হয়েছে।

সোমবার রাত ১০টায় দর্শনা রেলবাজার রেলগেট সংলগ্ন দর্শনা হার্ডওয়ার ব্যবসা প্রতিষ্ঠানে কেক কেকে জন্মদিন উৎযাপন ও ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

জন্মবার্ষিকী উপলক্ষে দলিত পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখা কমিটির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা বিনিময় করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, দলিত পরিষদের শ্রী শোভন দাস, শ্রী বিপুল কুমার দাস, মিঠু দাস, নিরঞ্জন দাস, শ্যামল দাস, স্বপন দাস। আরো উপস্থিত ছিলেন ভালোবাসার বন্ধনের, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, শিক্ষা বিষয়ক সম্পাদক শোভন দাশ, সাংস্কৃতিক সম্পাদক সেখ সাজু, দুর্যোগ ব্যবস্থাপনা সম্পাদক

মাসুম ইকবাল, সহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মাহমুদ, প্রমুখ।

চুয়াডাঙ্গার ঝাঝরী আশ্রয়ণ প্রকল্পের কাজ পরিদর্শন করলেন জেলা প্রশাসক

চুয়াডাঙ্গা ঝাঝরি গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনঃবাসনের লক্ষে একক গৃহ নির্মান প্রকল্প কাজ শুরু হয়েছে।

সোমবার বিকালে ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনঃবাসনের লক্ষে একক গৃহ নির্মান প্রকল্প কাজের মান এবং অগ্রগতি সন্মন্ধে খোঁজখবর নিতে সরেজমিনে পরিদর্শন করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম।

বেগমপুরের ঝাঝরি গ্রামে ভুমিহীন ও গৃহহীন ২০টি পরিবারের বসবাসের জন্য নির্মিত হচ্ছে গৃহ। ঘরের পাশাপাশি থাকবে সুপেয় পানি ও নিরবচ্ছিন্ন বিদ্যুত ব্যবস্থা। এই প্রকল্প বাস্তবায়ন হলে অসহায় ভূমিহীন এবং গৃহহীন পরিবারগুলোর স্বপ্ন পূরণ হবে। পাবে মাথা গোজার ঠাই।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রসাক (রাজস্ব) শারমিন আক্তার, সদর উপজেলা নির্বাহী অফিসার শামিম ভুইয়া, সহকারী কমিশনার (ভূমি) মাঝারুল ইসলাম, বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়ার্দার সহ আরও অনেকে।

উল্লেখ্য, গত বছরের ২৭ নভেম্বর ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনঃবাসনের লক্ষে একক গৃহ নির্মান প্রকল্প কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার।

আলমডাঙ্গায় বাংলা মদসহ তিন নারী আটক

আলমডাঙ্গার পৌর এলাকার বন্ডবিল থেকে ৬৭ লিটার চোলাই (বাংলা মদ) সহ ৩ জন নারীকে আটক করেছে থানা পুলিশ।

সোমবার সকাল ৯টায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার রাধিকাগঞ্জে দীর্ঘদিন যাবৎ রমরমা চোলাই মদের ব্যবসা চলছে।

এসব মাদক ব্যবসায়ীরা পুলিশের চোঁখ ফাঁকি দেওয়া থাকে ধরা ছোঁয়ার বাইরে। গতকাল সোমবার গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলামের নির্দেশে পৌর এলাকার বন্ডবিলে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

অভিযানে থানার উপ-পরিদর্শক সুফল কুমার বিশ্বাস, উপ-পরিদর্শক আব্দুল আজিজ সঙ্গীয় ফোর্স এ মাদক বিরোধী অভিযানে অংশ নেয়।

পুলিশ সূত্রে জানাযায়, চুয়াডাঙ্গা হয়ে আলমডাঙ্গায় সিএনজি গাড়ি যোগে চোলাই মদ প্রবেশ করছে এমন সংবাদের ভিত্তিতে সকাল সাড়ে ৮ টায় বন্ডবিল এলাকায় পুলিশি চেকপোস্ট বসানো হয়। একটি সিএনজি গাড়িকে সন্দেহ হলে তাদের দাড় করিয়ে তল্লাশি করা হয়।

এসময় তিন মহিলাসহ গাড়িতে বিভিন্ন ব্যাগ থাকায় গাড়িটি তল্লাশি করা হলে চোলাই (বাংলা মদ) উদ্ধার পাওয়া যায় । ছোট-বড় প্লাষ্টিকের বোতলে ৬৭ লিটার চোলাই (বাংলা মদ) উদ্ধার করা হয়েছে বলে পুলিশ জানায়।

এসময় তিন মহিলা মাদক ব্যবসায়ীকে আটক করা হয় আটকৃতরা হলো- রাধিকাগঞ্জ এলাকার শ্রী ভরতের স্ত্রী মোদি সোনিয়া ওরফে (চান্দা), শ্রী মুখেশের স্ত্রী গীতা রানী দাস, শ্রী জনির স্ত্রী অঞ্জনা রাণী।

আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক সুফল কুমার বিশ্বাস জানান, গোপন সংবাদের ভিত্তিতে সকালে বন্ডবিল এলাকায় চেকপোস্ট বসায়।

সন্দেহজনক সিএনজি গাড়িতে তল্লাশি চালিয়ে ৬৭ লিটার চোলাই (বাংলা মদ) উদ্ধার করা হয়। যা অবৈধ মালের ৪শত টাকা লিটার হিসাবে মোট মূল্য ২৬ হাজার ৮শ টাকা। তাদের বিরুদ্ধে সংশ্লিষ্ট মামলা জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় ফার্মেসী সিলগালা ও জরিমানা

চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এলাকায় ২৮ টাকার ইনজেকশন ১০০ টাকায় বিক্রির অভিযোগের ভিত্তিতে চন্দন ফার্মেসিতে অভিযান চালিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা। এ সময় নগদ ১০ হাজার টাকা জরিমানা ও ফার্মেসি সিলগালা করা হয়।

রোববার (৩০ জানুয়ারি) দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল গেটের সামনে চন্দন ফার্মেসিতে এ অভিযান পরিচালনা করা হয়।। এসময় ২৮ টাকার ইনজেকশন ১০০ টাকা নেয়ার ঘটনার সত্যতা পাওয়ায় ফার্মেসীর মালিক ফরিদ উদ্দিনকে (চন্দন) নগত ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

ফার্মাসিস্ট নিয়োগ না থাকায় ফার্মেসি এক সপ্তাহের জন্য সিলগালা করে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এর আগে শনিবার (২৯ জানুয়ারি) সকালে সংকটের অজুহাত দেখিয়ে ২৮ টাকার জেসোকেইন ২% ইনজেকশন (অবশ করার জন্য ব্যবহৃত) ১০০ টাকায় বিক্রির অভিযোগ উঠে চন্দন ফার্মেসির মালিকের বিরুদ্ধে। এ ঘটনার পর ভুক্তভোগী সংবাদকর্মীদের নিকট অভিযোগ করেন। বিষয়টি চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার ও জেলা ওষুধ তত্ত্বাবধায়কের নজরে আসে। এরপরই রোববার দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহম্মেদ ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

সজল আহম্মেদ বলেন, গনমাধ্যমে সংবাদ প্রকাশের পর বিষয়টি আমার নজরে আসে। পরে ওই ফার্মেসিতে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা

হয়। এসময় ২৮ টাকার ইনজেকশন ১০০ টাকা নেয়ার ঘটনার সত্যতা পাওয়ায় ফার্মেসীর মালিক ফরিদ উদ্দিনকে (চন্দন) নগত ১০ হাজার টাকা জরিমানা করা হয়। ফার্মাসিস্ট নিয়োগ না থাকায় চন্দন ফার্মেসি এক সপ্তাহের জন্য সিলগালা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ওষুধ তত্ত্বাবধায়কের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুব ও চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি টিম

চুয়াডাঙ্গা সীমান্ত থেকে ৩১ লাখ টাকা মূল্যের সোনা উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনার নাস্তিপুর সীমান্তে অভিযান চালিয়ে ৩১ লাখ টাকা মূল্যের ৪২ ভরি সোনার গহনা জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

শনিবার (২৯ জানুয়ারি) বেলা ১১টার দিকে নাস্তিপুর সীমান্তের জোড়া ব্রিজ এলাকা থেকে এসব গহনা জব্দ করা হয়।

তবে এসময় কাউকে আটক করা যায়নি। সন্ধ্যায় এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেছেন ৬ বিজিবির পরিচালক লে. কর্নেল খালেকুজ্জামান।

তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়- চুয়াডাঙ্গা সীমান্ত দিয়ে স্বর্ণের চালান পারাপার হবে। এমন তথ্যের ভিত্তিতে নাস্তিপুর সীমান্তের মেইন পিলার ৮০ নম্বর থেকে আনুমানিক ৮০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে জোড়া ব্রিজ এলাকায় অবস্থান নেয় বিজিবির বাড়াদী বিওপির সদস্যরা। এসময় ওই এলাকা থেকে মালিকবিহীন অবস্থায় ৪৯৫ গ্রাম (৪২.৪৪ ভরি) ওজনের উন্নত মানের তৈরিকৃত স্বর্ণের গহনা জব্দ করা হয়। যার আনুমানিক বাজারমূল্য ৩১ লাখ ৮৩ হাজার টাকা।

অধিনায়ক আরও জানান, বারাদী বিওপি কমান্ডার নায়েব সুবেদার মিজানুর রহমান বাদী হয়ে দর্শনা থানায় একটি মামলা দায়ের করেছেন। একইসঙ্গে

জব্দকৃত গহনাগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।